



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারকনং-সাস্ত/পিআর/০৩/

তারিখ: ০১ নভেম্বর, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১ নভেম্বর, ২০১৮ তারিখ সকাল ১০ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে ইংরেজী বিভাগের গবেষণা প্রকল্পের আয়োজনে “Student use off-class hours in campus and its effectiveness: a case study on the department of English students at SUST” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সেমিনারে অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, কার্যকরী গতিশীলতা, সময়োপযোগী পরিবর্তনের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে ইংলিশ লেংগুয়েজ ল্যাব প্রতিষ্ঠার জন্য ৩০ লক্ষ টাকা বাজেট বরাদ্দের সুপারিশ করা হয়েছে। আজকের এই সেমিনার ছাত্র-ছাত্রী তথা শিক্ষকদের সময়োপযোগী পরিবর্তনের জন্য মানসিক শক্তি দেবে।

ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আলমগীর তৈমুরের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. আব্দুল গনি, ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. হিমাদ্রী শেখর রায়, প্রক্টর প্রফেসর জহির উদ্দিন আহমদ। অনুষ্ঠানে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন নর্থইস্ট বিশ্ববিদ্যালয়, সিলেট এর উচ্চতর সমাজবিজ্ঞান ও সমাজকর্ম বিভাগের সহযোগী অধ্যাপক মো. তানভীর আহমদ চৌধুরী।

অনুষ্ঠান সঞ্চালনা করেন ইংরেজি বিভাগের প্রফেসর ড. হোসেন আল মামুন ।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার